জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

গাজীপুর

স্মারক নং- জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/বিএফএ(প্রি)/২০১৮/৮০৮১

তারিখ ঃ ১১ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
২৪ জানুয়ারী ২০১৮ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন **২০১৭ সালের বিএফএ(অনার্স) পার্ট-১, পার্ট-২, পার্ট-৩ ও পার্ট-৪ পরীক্ষার ফরম পূরণ** নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী সম্পন্ন করা হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী পরবর্তীতে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের আবেদনফরম পূরণ, ফি জমাদানের তারিখ, নিয়মাবলী ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

১। পরীক্ষার্থীর আবেদনফরম পূরণ, এক্সেল ফরমেটে বিবরণী ফরম ও সেশনাল নম্বর ও **Pay Slip** জমা করার তারিখ ঃ

- ক) পরীক্ষার্থী কর্তৃক আবেদনফরম পূরণের তারিখ ঃ ২৯/০১/২০১৮ হতে ১৫/০২/২০১৮ পর্যন্ত
- খ) ইমেইল (বিবরণী ফরম ও সেশনাল নম্বরের সফ্ট কপি) প্রেরণের শেষ তারিখ ঃ ১৭/০২/২০১৮ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত
- খ) সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক) ঃ ১৯/০২/২০১৮ হতে ২০/০২/২০১৮ পর্যন্ত
- ঙ) Pay Slip, শিক্ষার্থী বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখায় জমার তারিখ ঃ ২২/০২/২০১৮

২। পরীক্ষার ফি (পরীক্ষার্থী প্রতি) ঃ

ক্রমিক নং	বিবরণ	পরীক্ষার নাম			
		বিএফএ(অনার্স) পার্ট-১	বিএফএ(অনার্স) পার্ট-২	বিএফএ(অনার্স) পার্ট-৩	বিএফএ(অনার্স) পার্ট-৪
১	তত্ত্বীয় পরীক্ষার ফি (নিয়মিত/অনিয়মিত/ মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে)	৮০০/-	৮০০/-	৮০০/-	৮০০/-
২	ব্যবহারিক পরীক্ষার ফি	১,৩০০/-	১,৩০০/-	১,৩০০/-	১,৩০০/-
৩	মৌখিক পরীক্ষার ফি	--	--	--	৪০০/-
৪	নম্বরপত্র ও সনদপত্র ফি (৩০০/- + ৩০০/-)	--	--	--	৬০০/-
	মোট টাকা =	২,১০০/-	২,১০০/-	২,১০০/-	৩,১০০/-

বিঃদ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে সকল শিক্ষার্থীদের ফরম পূরণ করতে হবে এবং এর পরে কোন আবেদনই গৃহীত হবে না বা বিলম্ব ফি দিয়ে ফরম পূরণ করা যাবে না।

৩। কেন্দ্র ফি ঃ

পরীক্ষার্থী প্রতি ৫০০/- টাকা (বিশ্ববিদ্যালয়ে জমা হবে না)।

৪। পরীক্ষায় যারা অংশগ্রহণ করতে পারবে :

পরীক্ষার নাম	শিক্ষাবর্ষ		শর্তাবলী
	নিয়মিত	অনিয়মিত/মানোন্নয়ন	
বিএফএ(অনার্স) পার্ট-১ পরীক্ষা'২০১৬	২০১৫-২০১৬	২০১৪-২০১৫ ও ২০১৩-২০১৪	১। উক্ত শিক্ষা বর্ষের বাইরে কেউ ফরম পূরণ করতে পারবে না। ২। পূর্বে পার্ট-১ পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে পার্ট-২,পার্ট-২ পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে পার্ট-৩ এবং পার্ট-৩ পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে পার্ট-৪ পরীক্ষা দিতে পারবে না। ৩। ২০১৫ সালের তত্ত্বীয় পরীক্ষায় যে সকল পত্রে পরীক্ষার্থীরা ৪৫% এর কম নম্বর পেয়েছে অথবা অকৃতকার্য হয়েছে সে সকল পরীক্ষার্থীদের এবারই সে সকল পত্রে মানোন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে এবং একবারের বেশি মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে না। তবে অনুপস্থিত বা অকৃতকার্য পরীক্ষার্থীরা সর্বোচ্চ ০২ বার মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে। ৪। ২০১৪ সালের পরীক্ষায় অনুপস্থিত বা অকৃতকার্য পরীক্ষার্থী ব্যতিত অন্য কেউ অংশগ্রহণ করতে পারবে না। পরবর্তীতে তাদের আর কোন মানোন্নয়ন পরীক্ষার সুযোগ থাকবে না।
বিএফএ(অনার্স) পার্ট-২ পরীক্ষা'২০১৬	২০১৪-২০১৫	২০১৩-২০১৪ ও ২০১২-২০১৩	
বিএফএ(অনার্স) পার্ট-৩ পরীক্ষা'২০১৬	২০১৩-২০১৪	২০১২-২০১৩ ও ২০১১-২০১২	
বিএফএ(অনার্স) পার্ট-৪ পরীক্ষা'২০১৬	২০১২-২০১৩	২০১১-২০১২ ও ২০১০-২০১১	

৫। পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যসূচী :

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত বিএফএ(অনার্স) ডিগ্রী কোর্সের রেগুলেশন এবং পাঠ্যসূচী অনুযায়ী উপরিউক্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৬। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ

ক) আবেদন ফরম, সেশনাল নম্বরপত্র ও তথ্য বিবরণীর নমুনা সফ্টকপি (এক্সেল ফরমেট) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.info/bfa) থেকে ডাউন লোড করতে হবে। আবেদনপত্র পরীক্ষার্থী নিজে অথবা কলেজ/প্রতিষ্ঠান কর্তপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে প্রিন্ট করে বা প্রিন্টকৃত কপি ফটোকপি করে নিতে পারবেন।

খ) আবেদনফরমের যাবতীয় তথ্যাদি সঠিক নির্ভুল হতে হবে।

গ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

ঘ) আবেদনপত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে প্রবেশপত্রের ফটোকপি প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত তারিখের মধ্যে স্ব-স্ব কলেজ/প্রতিষ্ঠান সংরক্ষণ করবে। এটি বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে না।

ঙ) যদি কোন পরীক্ষার্থীর আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন হয় (আবেদন ফরম পূরণের পর থেকে পরীক্ষার ফল প্রকাশের পর এক বছর পর্যন্ত) তবে তা সরবরাহ করতে হবে।

৭। আবেদনফরম ও ফি জমাদানের নিয়মাবলী :

ক) আবেদন ফরম পূরণকৃত ছাত্র-ছাত্রীদের প্রত্যেক পরীক্ষার তথ্য আলাদা আলাদা ফাইল সংযুক্ত এক্সেল ফরমেটের ফাইল মোতাবেক রেজিঃ নম্বরের ক্রমানুসারে ডাটা এন্ট্রি করে ছাত্র-ছাত্রীদের বিবরণী ফরম, সেশনাল নম্বর প্রিন্ট ও যাচাই করে সফ্ট কপি উল্লিখিত ই-মেইলে প্রেরণ ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল প্রিন্ট কপিটি উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (প্রফেশনাল) এর দপ্তরে হাতেহাতে জমা দিতে হবে (বিবরণী ফরমের ফটোকপি কলেজ সংরক্ষণ করবে)।

খ) ডাকযোগে পাঠানো বিবরণী ফরম এবং Pay Slip গ্রহন করা হবে না।

গ) ইমেইল প্রেরণের ঠিকানা ঃ safiq.nu@gmail.com (১৭/০২/২০১৮ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে প্রেরণ করতে হবে)।

ঘ) পরীক্ষার্থীদের ফি পূর্বের মত জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুকূলে ডিডি করার পরিবর্তে **"সোনালী সেবা"** এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে।

ঙ) সংশ্লিষ্ট কলেজ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.edu.bd) সোনালী সেবা Link থেকে Log in করে Pay Slip ডাউনলোড করতে হবে।

চ) Pay Slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংশ লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকে যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

ঙ) **Pay Slip** সংগ্রহরে জন্য **১৯/০২/২০১৮** তারিখ সকাল ১১:০০ টা হতে **২০/০২/২০১৮** তারিখ বিকাল ৪:০০ টা পর্যন্ত Link Active থাকবে। নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে Pay Slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না।

চ) ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না। সোনালী সেবা সংক্রান্ত প্রয়োজনে ০১৮৬৭০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

৮। সেশনাল নম্বর জমা দেয়ার নিয়মাবলী :

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রফেশনাল এর দপ্তরে বিবরণী ফরম জমা দেয়ার সময় সেশনাল নম্বরের প্রিন্ট কপি হাতে হাতে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

০৯। পরীক্ষা পরিচালনা:

সংশ্লিষ্ট কলেজ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ২৫% দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করবে। অবশিষ্ট ৭৫% অর্থ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষার পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র ও আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) ব্যয় নির্বাহ করতে হবে।

১০। উক্ত পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে ০১৭১৬৫৮০৬৮০ নম্বরে যোগাযোগ করা যাবে।

পরীক্ষার সময়সূচী ও অন্যান্য যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে জানা যাবে।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

স্মারক নং- জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/বিএফএ(প্রি)/২০১৮/৮০৮১

তারিখ ঃ ১১ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
২৪ জানুয়ারী ২০১৮ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। পরিচালক, জনসংযোগ ও প্রকাশন দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
২। পরিচালক, কম্পিউটার ও আইসিটি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে প্রচার করার জন্য অনুরোধ করা হল)।
৩। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪। সহকারী রেজিস্ট্রার, প্রো- ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৫। ম্যানেজার, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর।
৬। অধ্যক্ষ ....
৭। অফিস নথি।

(মোঃ আবু হোরায়রা)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (প্রফেশনাল)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।